দৈনিক জনকণ্ঠ

তারিখ ০৮ APR 2008
পৃষ্ঠা ১২ কলাম ৬

# বেসরকারী স্কুল কলেজ মাদ্রাসায় ভর্তি ও পুনঃ ভর্তি ফি ৫ হাজার টাকায় সীমিত রাখার নির্দেশ

স্টাফ রিপোর্টার ॥ দেশের সকল বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসাগুলোকে ভর্তি ফি ও পুনঃ ভর্তি ফি ৫ হাজার টাকার মধ্যে সীমাবদ্ধ রাখার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। নির্দেশটি চলতি মাসের ৩০ তারিখ হতে প্রত্যেক প্রতিষ্ঠানে কার্যকর করতে বলা হয়েছে।

চলতি মাসের এক তারিখে জারিকৃত নির্দেশে উল্লেখ করা হয়, এমপিওভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তির

(১১-পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## বেসরকারী স্কুল কলেজ

(১২-এর পাতার পর)

সময় অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগের ভিত্তিতে চলতি বছরের ১০ জানুয়ারি ঢাকা মহানগরের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে সভা করা হয়। সভায় উপস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কাছে ভর্তি ফি ও পুনঃ ভর্তি বিষয়ে প্রতিবেদন চাওয়া হয়। জমাকৃত প্রতিবেদন মন্ত্রণালয় পর্যবেক্ষণ করে দেখেছে আদায়কৃত ভর্তি ফি ও পুনঃ ভর্তি ফি শিক্ষা প্রতিষ্ঠানগুলো অতিরিক্ত আদায় করেছে। এর ফলে মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত শ্রেণীর অভিভাবকরা তাঁদের সন্তানদের কাঙ্ক্ষিত প্রতিষ্ঠানে লেখাপড়া করাতে হিমশিম খাচ্ছেন। আশু সমস্যা সমাধানে শিক্ষা মন্ত্রণালয় এই নির্দেশ জারি করেছে বলে উল্লেখ করা হয়। নির্দেশে বলা হয় ঢাকা মহানগরীসহ অন্যান্য মহানগরী এবং জেলা ও উপজেলা সদরে অবস্থিত এমপিওভুক্ত গুণগত মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তিকালে উন্নয়ন ফি, সেশন ফি এবং অন্যান্য খাত মিলিয়ে সর্বোচ্চ পাঁচ হাজার টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। নির্দেশনাটি প্রত্যেক এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পরিচালনা কমিটিকে ৩০ এপ্রিলের মধ্যে সভা ডেকে কার্যকর করার কথা বলা হয়েছে।